

ঢাকা ওয়াসা

- ০১। ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ০২। পূর্বের অনুমোদিত নোটশীট এবং দরের কপি।
 ০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of stationary items for SWTP (Maintenance) Division.

১.০। অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৩ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ব, বাটারফ্লাই ভাল্ব, এয়ার রিলিজ ভাল্ব, গেট ভাল্ব ও ওয়াসআউট ভাল্ব সহ বিভিন্ন ধরনের ভাল্ব চেষ্টার রয়েছে। উক্ত ভাল্ব গুলোর সাথে ৮ (আট)টি মডস জোনের ডিষ্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ব ও ভাল্ব চেষ্টারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজসহ ৪.৮ কিলোমিটার ডিএনডি খালের রক্ষণাবেক্ষণ কাজ ও করতে হয়। অত্র অফিসে পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজের জন্য বর্তমানে নির্বাহী প্রকৌশলী ০১ (এক) জন, সহকারী প্রকৌশলী ০২ (দুই) জন এবং উপ-সহকারী প্রকৌশলী ০২ (দুই) জন সহ মোট ০৫ (পাঁচ) জন কর্মকর্তা নিয়োজিত আছেন। বিভাগীয় বিভিন্ন ধরনের কাজের স্বার্থে ব্যবহৃত জরুরী প্রয়োজনীয় মালামাল সহ আনুষঙ্গিক স্টেশনারী মালামাল ক্রয় করা প্রয়োজন। স্টেশনারী মালামাল চাহিদার তুলনায় খুবই অল্প পরিমাণ ও অনেক আইটেম কমন সার্ভিস বিভাগ, ঢাকা ওয়াসা হতে পাওয়া যায় না। যে পরিমাণ স্টেশনারী মালামাল পাওয়া যাচ্ছে তা বিভাগীয় চাহিদার তুলনায় অপ্রতুল। ফলে অফিস পরিচালনার জন্য স্টেশনারী মালামাল সমূহ জরুরী ভিত্তিতে ক্রয় করা প্রয়োজন। সেই প্রেক্ষিতে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হল। প্রাক্কলনে টাকার পরিমাণ সর্বমোট টাঃ ২৪,৭৪০.০৮৭ (চব্বিশ হাজার সাতশত চল্লিশ দশমিক শূন্য আট সাত) টাকা মাত্র।

১.১। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৮১(১) ধারা অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) পদ্ধতিতে বর্ণিত কাজটি সম্পাদনের জন্য অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজটি সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-১৭৬ এবং প্যাকেজ নং-EU18 এ Emergency and Unforeseen Procurement হিসাবে অন্তর্ভুক্ত রয়েছে (সংযুক্ত ক্রমিক নং-০১ দ্রঃ)। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে বরাদ্দকৃত ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের Print & Stationary কোড নং-(০১-০২-০১৬) খাত হতে নির্বাহ করা হবে।


১.২। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.১ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে, "Procurement of stationary items for SWTP(M) Division." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নে বর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৮১(১) ধারা অনুসারে সরাসরি নগদ ক্রয় (DCP) পদ্ধতিতে বর্ণিত কাজটি সম্পাদনের জন্য আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ২৪,৭৪০.০৮৭ (চব্বিশ হাজার সাতশত চল্লিশ দশমিক শূন্য আট সাত) টাকার অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর অনুকূলে বরাদ্দকৃত ২০২৪-২৫ ইং অর্থ বছরের সংশোধিত বাজেটের Print & Stationary কোড নং-(০১-০২-০১৬) খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লেখ্য যে, উক্ত প্রাক্কলনটি প্রধান প্রকৌশলীর মহোদয়ের অনুমোদনের আওতাবীন।



 সুব্রত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 মোঃ মশিউর রহমান ভূঞা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ১০-০৬-২৫
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 ১৭.০৬.২৫
 মিজা শোহাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।




 ২২/০৬
 প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা